উপজেলা পরিষদ কার্যালয়

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

ডিসেম্বর, ২০১৪ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ০৭ ডিসেম্বর, ২০১৪ খ্রি.
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি ঃ মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান অলোচ্য মাসে উপজেলা কমিটির ০৩টি সভা যথাক্রমে কৃষি ও সেচ কমিটি, প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, এবং মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভা অনুষ্ঠিত হয়। তিনি উক্ত তিনটি সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সিদ্ধান্তগুলি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটির সুপারিশ অনুযায়ী বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর
৩	আর্থিক বিবরণী উপস্থাপন	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের টেবিলের গ্লাস লাগানো বাবদ ৫৮৮৮/= (পাঁচ হাজার আটশত আটাশি) টাকা ব্যয় হয়েছে। উক্ত বিল সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মহোদয়ের বাতরুমের প্লাস মেরামত, টেপ ও বাল্ব লাগানো এবং পানির লাইন মেরামত বাবদ ৯২০/= (নয়শত বিশ) টাকা উপজেলা পরিষদ কমপ্লেক্স এর লেট্রিনের ১২ টি টেংকীর ময়লা পরিষ্কার করণ বাবদ ২০,০০০/= (বিশ হাজার) টাকা। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের বিভিন্ন কাজের মেরামত বাবদ ৭২১৮/= (সাত হাজার দুইশত আটার) টাকা। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পানির টেংকী পরিষ্কার ও মেরামদ বাবদ ২০০০/= (দুই হাজার) টাকা। উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে লোক নিয়োগের বিজ্ঞাপন বিল বাবদ ৩৮১২/= (তিন হাজার আটশত বার) টাকা, গেজেটেড/ননগেজেটেড ডরমেটরীর পানির লাইন ও বিভিন্ন কাজের মেরামত বাবদ ১০,৮০০/= (দশ হাজার আটশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে ,উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের টেবিলের গ্লাস লাগানো বাবদ ৫৮৮৮/= (পাঁচ হাজার আটশত আটাশি) টাকা, ভাইস চেয়ারম্যান মহোদয়ের বাতরুমের প্লাস মেরামত, টেপ ও বাল্ব লাগানো এবং পানির লাইন মেরামত বাবদ ৯২০/= (নয়শত বিশ) টাকা, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর লেট্রিনের ১২ টি টেংকীর ময়লা পরিষ্কার করণ বাবদ ২০,০০০/= (বিশ হাজার) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের বিভিন্ন কাজের মেরামত বাবদ ৭২১৮/= (সাত হাজার দুইশত আটার) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পানির টেংকী পরিষ্কার ও মেরামদ বাবদ ২০০০/= (দুই হাজার) টাকা, উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে লোক নিয়োগের বিজ্ঞাপন বিল বাবদ ৩৮১২/= (তিন হাজার আটশত বার) টাকা ও গেজেটেড/ননগেজেটেড ডরমেটরীর পানির লাইন ও বিভিন্ন কাজের মেরামত বাবদ ১০,৮০০/= (দশ হাজার আটশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
	বিবিধ	ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপির বরাদ্দের ১ম ও ২য় কিস্তির বরাদ্দ	আলোচনান্তে এডিপির সম্পূর্ণ বরাদ্দ পাওয়া পর বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে প্রকল্প	উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী

		পাওয়া গিয়াছে। সম্পূর্ণ বরাদ্দ পাওয়া গেলে বার্ষিক উন্নয় কর্মসূচি থেকে প্রকল্প হাতে নেওয়া হবে। তিনি আরও জানান ভবের বাজার কাঠাল খাইর রাস্তাটির টেন্ডার হয়ে গেছে। শীঘ্রই কাজ আরম্ভ করা হবে। এছাড়া জগন্নাথপুর- কেউনবাড়ী, জগন্নাথপুর- বেগমপুর, মীরপুর- শ্রীরামসির রাস্তার মেন্টেইনেন্স এর কাজ দ্রুত আরম্ভ করা হবে। চেয়ারম্যান চিলাউড়া ইউপি জানান জগন্নাথপুর- রানীগঞ্জ রাস্তার ষ্টীল ব্রীজ থেকে ইসমাইলচক বেরী বাঁধটিকে পানি উন্নয়ন বোর্ডের বরাদ্দের একক স্কীমের মাধ্যমে রাস্তা নির্মাণের প্রস্তাব করেন। জনাব মজলুল হক, চেয়ারম্যান, রানীগঞ্জ ইউপি রানীগঞ্জ-স্বজনশ্রী ও রানীগঞ্জ- বাগময়না রাস্তাদ্বয় জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। জনাব আইয়ুব খান চেয়ারম্যান আশারকান্দি ইউপি ভবের বাজার থেকে কাঠাল খাইর ও নয়াবন্দর থেকে ধাওরাই বাজার রাস্তাটি সংস্কার করার অনুরোধ জানান। জনাব সিরাজুল হক, চেয়ারম্যান পাটলী ইউপি জানান পাটলী ইউপির বাউর কাপন- রসুলগঞ্জ, কেশবপুর-এরালিয়া রাস্তাটির মেন্টেইনেন্স এর কাজ করে দেওয়ার অনুরোধ জানান।	গ্রহণ ও বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং রানীগঞ্জ- ইসমাইলচক বেরী বাঁধটিকে রাস্তা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া রানীগঞ্জ-স্বজনশ্রী ও রানীগঞ্জ- বাগময়না রাস্তাদ্বয়, ভবের বাজার থেকে কাঠাল খাইর ও নয়াবন্দর থেকে ধাওরাই বাজার, বাউর কাপন- রসুলগঞ্জ, কেশবপুর-এরালিয়া রাস্তাটির মেন্টেইনেন্স ও সংস্কার কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার/ উপজেলা প্রকৌশলী/ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান মাধ্যমিক পর্যায়ের ষষ্ঠ থেকে দশম শ্রেণীর বই পাওয়া গিয়েছে। আগামী ০১ জানুয়ারী/২০১৫ উপজেলার প্রতিটি প্রতিষ্ঠানে বই উৎসব করা হবে। তিনি আরও জানান ১৭ ডিসেম্বর/২০১৪ থেকে ২৩ ডিসেম্বর/২০১৪ উপজেলা পর্যায়ে শীতকালিন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ০১ জানুয়ারী/২০১৫ বই উৎসব এবং ১৭-২৩ ডিসেম্বর/২০১৪খ্রি শীতকালিন ক্রীড়া প্রতিযোগিতা সফলভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		উপজেলা শিক্ষা অফিসার সদ্য সমাপ্ত পিএসসি ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা সুষ্টভাবে সম্পন্ন করতে পারায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এছাড়া তিনি জগন্নাথপুর মডেল স্কুলের পার্শের নতুন ট্রান্সফরমারটি অন্যত্র সরিয়ে বসানোর জন্য বিশেষ ভাবে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং জগন্নাথপুর সরকারি মডেল স্কুলের পার্শ্বের নতুন ট্রান্সফরমারটি অন্যত্র সরিয়ে বসানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান টিআর প্রকল্পের ২য় কিস্তির বরাদ্দ ছাড় করানো হয়েছে। শীঘ্রই প্রকল্প গ্রহণ ও কার্যক্রম আরম্ভ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার জনান যে সকল কমিউনিটি ক্লিনিকে বিদ্যুতের ব্যবস্থা নেই সে সলক কমিউনিটি ক্লিনিকে টিআর প্রকল্পের মাধ্যমে সৌর বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়ার প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া যে সকল কমিউনিটি ক্লিনিকে বিদ্যুতের ব্যবস্থা নেই সে সকল কমিউনিটি ক্লিনিকে সৌর বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		ঝ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভলাপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় পরবর্তী ২৪ মাস চক্রের (১ জানুয়ারি ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬) ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন করে নতুন করে অসহায় দুঃস্থ মহিলাদের নাম তালিকা উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান। তিনি আরও জানান প্রতি ইউনিয়ন থেকে মাতৃত্বকাল ভাতার জন্য ২৭ জন করে মাতৃত্বভোগীর নাম তালিকা প্রদানের অনুরোধ করা হলে এখনও কারও কাছ থেকে নাম তালিকা পাওয়া যায়নি। তিনি মাতৃত্বভোগীর নাম তালিকা প্রদানের জন্য আবারও অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণকে ভিজিডি উপকারভোগী বাছাই/ নির্বাচন করে নতুন করে অসহায় দুঃস্থ মহিলাদের নাম তালিকা ও ২৭ জন করে মাতৃত্বভোগীর নাম তালিকা উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৩-২০১৪/ (৪০) তারিখ ঃ- ০৭/১২/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব...,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা...,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,..ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব...।
১০. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।